**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 06-06-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) বিদ্যুৎ মন্ত্রী রতন লাল নাথ বলেছেন, শীঘ্রই ড্রোন ব্যবহার করে রাজ্য জুড়ে বিদ্যুৎ চুরি ও অবৈধ হুকলাইন ব্যবহার শনাক্ত করা হবে।**

**(২) আগামীকাল ঈদ-উল-আজহা উদযাপনের জন্য রাজ্যেও প্রস্তুতি চলছে ।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন যে আজ মেগা পরিকাঠামো প্রকল্পগুলির উদ্বোধন জম্মু ও কাশ্মীরের উন্নয়ন যাত্রায় এক গুরুত্বপূর্ণ মোড়।**

**(৪) ঘরোয়া দ্বিতীয় ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতা আগামী ৮ জুন থেকে শুরু হচ্ছে ।**

********************************************

**Power Minister :**

বিদ্যুৎমন্ত্রী রতন লাল নাথ বলেছেন, বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থায় আধুনিকীকরণ ও স্বচ্ছতা আনতে ত্রিপুরা সরকার শীঘ্রই ড্রোন ব্যবহার করে রাজ্য জুড়ে বিদ্যুৎ চুরি ও অবৈধ হুকলাইন ব্যবহার শনাক্ত করবে। আজ পশ্চিম জেলার সেকেরকোটে ৩৩ কিলোভোল্টের বিদ্যুৎ সাবস্টেশন উদ্বোধন করে তিনি একথা বলেন। তিনি বলেন, আগে ত্রিপুরায় মাত্র ৩ মেগাওয়াট সৌরবিদ্যুৎ উৎপাদন হতো। বর্তমানে ২৮ মেগাওয়াটের বেশি সৌর বিদ্যুৎ উৎপাদন করা হচ্ছে। তিনি নাগরিকদের প্রধানমন্ত্রী মুফৎ বিদ্যুৎ যোজনার সুবিধা নেওয়ারও আহ্বান জানান। তিনি বলেন, সৌর প্যানেল স্থাপনে ভর্তুকি, ঋণ ও অন্যান্য সহায়তা প্রদান করা হচ্ছে। বিদ্যুৎ মন্ত্রী আরো বলেন, সেকেরকোটে আজ এই বিদ্যুৎ সাব-স্টেশনটি চালু

হওয়ার ফলে সেকেরকোট, বিক্রমনগর, চৌমুহনী বাজার, কাঞ্চনমালা, গোকুলনগর, চাম্পামুড়া, ফুলতলি ও পাণ্ডবপুরের বেশ কিছু অংশের বাসিন্দারা এখন নিরবচ্ছিন্ন বিদ্যুৎ পাবেন।

*******************************

**Idd ul Azha :**

মুসলিম সম্প্রদায়ের অন্যতম উৎসব ঈদ-উল-আজহা উদযাপনে রাজ্যেও প্রস্তুতি চলছে। ত্যাগ ও সৌভ্রাতৃত্বের এই উৎসবকে কুরবানী ঈদ বা বকরী ইদও বলা হয়। আগরতলার টাউন জামে মসজিদের ইমাম আবদুর রহমান জানান রাজ্যে আগামীকাল এই উৎসব উদযাপিত হবে। তিনি জানান আগামীকাল সকাল ৮টায় আগরতলার শিবনগর গেদুমিঁয়া মসজিদ প্রাঙ্গনে কেন্দ্রীয় নামাজ আদায় করা হবে। বকরি ইদ উপলক্ষে আগামীকাল রাজ্যেও সরকারী ছুটি।

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু ঈদ উল আজহা উপলক্ষ্যে রাজ্যবাসীকে আন্তরিক শুভেচ্ছা জানিয়েছেন। শুভেচ্ছাবার্তায় তিনি বলেন, 'ঈদ-উল-আজহা আনুগত্য ও ত্যাগের উৎসব। শুভেচ্ছাবার্তায় রাজ্যপাল আশা প্রকাশ করেন এই উৎসব রাজ্যের জনগণের জন্য সুখ, সমৃদ্ধি, শান্তি, সৌভ্রাতৃত্ববোধ বয়ে নিয়ে আসবে।

এদিকে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহাও ঈদ-উল্-আজহা উপলক্ষ্যে রাজ্যবাসীকে আন্তরিক শুভেচ্ছা জানিয়েছেন। শুভেচ্ছাবার্তায় মুখ্যমন্ত্রী এই উৎসব উপলক্ষ্যে রাজ্যের জনগণের সুস্থতা এবং সুন্দর জীবন প্রত্যাশা করেন।

*************************

**Governor :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু আজ রাজভবনে ৪০ কিলোওয়াট ক্ষমতাসম্পন্ন রুফটপ সোলার পাওয়ার প্ল্যান্টের উদ্বোধন করেন। এ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে তিনি বলেন কেন্দ্রীয় সরকার

পুনর্নবীকরণযোগ্য শক্তির মাধ্যমে বিদ্যুৎ উৎপাদনের উপর বিশেষ জোর দিয়েছে। যার জন্য বর্তমান সময়ে সাধারণ মানুষকে সোলার পাওয়ার প্ল্যান্ট বসানোর জন্য ভর্তুকিও দেওয়া হচ্ছে। রাজ্যপাল রাজ্যবাসীকে নিজেদের বাড়ির ছাদে সোলার পাওয়ার প্ল্যান্ট বসিয়ে নিজেদের বিদ্যুৎতের প্রয়োজনীয়তা মেটানোর পাশাপাশি উদ্বৃত্ত বিদ্যুৎ দপ্তরের নিকট বিক্রয় করার জন্য পরামর্শ দেন। তিনি বলেন, গ্রামীণ এলাকায় স্বসহায়ক দলের মাধ্যমে এই ধরণের পাওয়ার প্ল্যান্ট বসিয়ে সাধারণ নাগরিকদের বাড়িতে বিদ্যুৎ পরিষেবা প্রদান করা যেতে পারে। তাছাড়া কৃষিক্ষেত্রে সোলার পাওয়ার প্ল্যান্ট বিশেষ ভূমিকা নিতে পারে।

****************************

**11 Years of NDA Government :**

এন.ডি.এ সরকারের ১১ বছর বিকশিত ভারতের অমৃতকাল। এই সময়ের সেবা, সুশাসন, গরীব কল্যাণের সাফল্য দেশের সমস্ত জনগণের কাছে পৌঁছে দেওয়ার লক্ষে বিজেপি'র উদ্যোগে আগামী ৯ থেকে ২১শে জুন পর্যন্ত দেশব্যাপী প্রচার অভিযান শুরু হবে। বিজেপি প্রদেশ সহ সভাপতি সুবল ভৌমিক আজ উদয়পুরে এক কর্মশালায় একথা জানান। বিজেপি গোমতি জেলা অফিসে এক কর্মশালা অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন বিধায়ক অভিষেক দেবরায়, রামপদ জমাতিয়া, রঞ্জিত দাস প্রমুখ।

*****************************

**Voice over story-11 years of NDA Government :**

সেবা, সুশাসন ও গরিব কল্যাণের মূলনীতিকে অবলম্বন করে এক অনন্য রূপান্তরণের দশক অতিক্রান্ত হলো এই দেশের। আকাশবাণী সংবাদ বিভাগ বর্তমান কেন্দ্রীয় সরকারের বিগত ১১ বছরে বহুমুখী প্রয়াসের ওপর আলোকপাত করতে শ্রোতাদের জন্য নিয়ে এলো বিশেষ প্রতিবেদন। আজ শুনুন ভারতের সভ্যতার গৌরবকে পুনরুজ্জীবিত করতে সাংস্কৃতিক ঐতিহ্য সংরক্ষণের প্রয়াস প্রসঙ্গে।

########VC#######

***************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

***************************

**PM, J&K :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন যে আজ মেগা পরিকাঠামো প্রকল্পগুলির উদ্বোধন জম্মু ও কাশ্মীরের উন্নয়ন যাত্রায় এক গুরুত্বপূর্ণ মোড়। কাটরায় চেনাব সেতু এবং আঞ্জি খাদ সেতু উদ্বোধন করে শ্রী মোদী উল্লেখ করেন যে অত্যাধুনিক চেনাব সেতু জম্মু ও শ্রীনগরের মধ্যে যোগাযোগ উন্নত করবে। তিনি আনন্দ প্রকাশ করে বলেন যে কাশ্মীর থেকে কন্যাকুমারী পর্যন্ত দেশ এখন রেল নেটওয়ার্কের সঙ্গে সংযুক্ত। প্রধানমন্ত্রী বলেন, উধমপুর-শ্রীনগর-বারামুল্লা রেল লাইন প্রকল্পটি একটি নতুন, ক্ষমতায়িত জম্মু ও কাশ্মীরের প্রতীক এবং ভারতের ক্রমবর্ধমান শক্তির একটি শক্তিশালী ঘোষণা। তিনি বলেন যে চেনাব এবং আঞ্জি সেতু জম্মু ও কাশ্মীরের সমৃদ্ধির প্রবেশদ্বার হিসেবে কাজ করবে। প্রধানমন্ত্রী আরও বলেন যে ভারত সন্ত্রাসবাদের কাছে মাথা নত করবে না। তিনি ২২ এপ্রিল পহেলগামের ঘটনার উল্লেখ করে বলেন, যখনই পাকিস্তান "অপারেশন সিন্দুর" নামটি

শুনবে, তখনই তাদের লজ্জাজনক পরাজয়ের কথা মনে পড়বে। শ্রী মোদী আরও বলেন, "অপারেশন সিন্দুর আত্মনির্ভর ভারতের শক্তি দেখিয়েছে এবং বিশ্ব ভারতের প্রতিরক্ষা ব্যবস্থা নিয়ে আলোচনা করছে।

########Byte-PM-1 #######

শ্রী মোদী জনগণকে ভারতে তৈরি পণ্যগুলিকে অগ্রাধিকার দেওয়ার জন্য সংকল্পবদ্ধ হওয়ার আহ্বান জানান। তিনি এটিকে জাতির সেবা বলে অভিহিত করেন। প্রধানমন্ত্রী দেশের গরিব অংশের মানুষের উন্নয়নে কেন্দ্রীয় সরকারের আন্তরিক প্রয়াসের কথাও বিস্তারিত উল্লেখ করেন।

########Byte-PM-2 #######

আজ প্রধানমন্ত্রী জম্মু ও কাশ্মিরে ৪৬ হাজার কোটি টাকারও বেশি মূল্যের একাধিক উন্নয়ন প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন, উদ্বোধন এবং জাতির উদ্দেশ্যে উৎসর্গ করেন।

*****************************

**Rana-Custody :**

দিল্লির একটি আদালত আজ ২৬/১১ মুম্বাই হামলার অভিযুক্ত তাহাব্বুর হোসেন রানার বিচার বিভাগীয় হেফাজতের মেয়াদ আগামী মাসের ৯ তারিখ পর্যন্ত বাড়িয়েছে। বিশেষ বিচারক চন্দর জিত সিং এই আদেশ দিয়েছেন। রানার আইনজীবী তার স্বাস্থ্যের অবনতির কথা উত্থাপন করার পর তিহার জেল কর্তৃপক্ষকে সোমবারের মধ্যে একটি স্ট্যাটাস রিপোর্ট দাখিল করতে বলা হয়েছে।

*****************************

**NEET-PG :**

সুপ্রিম কোর্ট ন্যাশনাল বোর্ড অফ এক্সামিনেশনস, NBEকে আগামী তেসরা আগস্ট, এক শিফটে NEET-PG ২০২৫ পরীক্ষা আয়োজনের অনুমতি দিয়েছে। এই পরীক্ষাটি ১৫ জুন অনুষ্ঠিত হওয়ার কথা ছিল। শীর্ষ আদালত

জানিয়েছে যে NEET PG 2025 অনুষ্ঠিত করার জন্য NBE-কে আর কোনও সময় দেওয়া হবে না।

************************

**Training of election dept :**

১০০ শতাংশ ত্রুটিমুক্ত ভোটার তালিকা প্রণয়নের লক্ষ্যে বি.এল.ও এবং সুপারভাইজারদের আজ প্রজ্ঞাভবনে একদিনের প্রশিক্ষণ শিবির অনুষ্ঠিত হয়। এই প্রশিক্ষণ শিবিরে পশ্চিম ত্রিপুরা জেলার সদর, মোহনপুর ও জিরানীয়া মহকুমা থেকে মোট ৮০ জন বিএলও এবং সুপারভাইজার অংশ নেন। প্রশিক্ষণ শিবিরে প্রধান অতিথির ভাষণে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক ব্রিজেশ পান্ডে বলেন, ত্রুটিমুক্ত ভোটার তালিকা প্রণয়নে বিএলও এবং সুপারভাইজারগণ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকেন। এই কাজে তাদের আরো দক্ষ করে তোলার জন্য এই প্রশিক্ষণ শিবিরের আয়োজন।

প্রশিক্ষণ শিবিরে পাওয়ার পয়েন্ট প্রজেন্টেশনের মাধ্যমে আলোচনায় অংশ নিয়ে অতিরিক্ত মুখ্য নির্বাচন আধিকারিক উষাজেন মগ 'বিএলও-দের নীতি নির্দেশিকা ও দায়িত্ব' নিয়ে আলোচনা করেন। তিনি বলেন, ভারতীয় নির্বাচন কমিশন সারা দেশে ১ লক্ষ বিএলও এবং সুপারভাইজারদের প্রশিক্ষণ দেবার লক্ষ্যমাত্রা নিয়েছে।

ডেপুটি চিফ ইলেক্টোর‍্যাল অফিসার সুমন বণিক বিএলও অ্যাপ এবং ন্যাশন্যাল ভোটার সার্ভিস পোর্টাল ও হেল্পলাইন অ্যাপ নিয়ে বিস্তারিত আলোচনা করেন। ইলেক্টোর‍্যাল রোল ম্যানেজমেন্ট নিয়ে আলোচনা করেন মোহনপুর মহকুমার মহকুমা শাসক সুভাষ দত্ত।

****************************************

**Bhishmadev Smriti Drama Competition :**

পশ্চিম ত্রিপুরা জেলাভিত্তিক দু'দিনব্যাপী ভীষ্মদেব স্মৃতি ছোটদের নাটক প্রতিযোগিতা ২০২৫ আজ থেকে শুরু হয়েছে। তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে এবং আগরতলা পুর নিগম, পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদ ও

বিদ্যালয় শিক্ষা দপ্তরের সহযোগিতায় নজরুল কলাক্ষেত্রে আয়োজিত এই প্রতিযোগিতায় ১৭টি নাট্যদল অংশগ্রহণ করে। উদ্বোধন করেন পুর নিগমের মেয়র দীপক মজুমদার। অনুষ্ঠানে রাজ্যের ২৫ জন বিশিষ্ট নাট্যকারকে সংবর্ধিত করা হয়। বক্তব্য রাখেন রাজ্যভিত্তিক সাংস্কৃতিক উপদেষ্টা কমিটির ভাইস চেয়ারম্যান সুব্রত চক্রবর্তী, পুর নিগমের পূর্ব জোনের চেয়ারম্যান সুখময় সাহা, বিশিষ্ট নাট্যকার ননীগোপাল দেব।

**************************

**Second Division :**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত ঘরোয়া দ্বিতীয় ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতা আগামী ৮ জুন থেকে শুরু হচ্ছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে সন্ধ্যা ছয়টায় আসরের উদ্বোধন হবে। পরে সাড়ে ছয়টায় নৈশালোকে উদ্বোধনী ম্যাচে ঐকতান যুব সংস্থা ও স্কাইলার্ক ক্লাব পরস্পরের মুখোমুখি হবে। এবারের আসরে ৯টি দল অংশ নিয়েছে। সিঙ্গেল লিগের ভিত্তিতে চ্যাম্পিয়নশীপের ফয়সলা হবে। এন এস আর সি সি দল এন্ট্রি না নেয়ায় ইতিমধ্যেই তৃতীয় ডিভিশনে অবনমন হয়েছে।

*****************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সব জেলায় বিক্ষিপ্তভাবে ভারী বৃষ্টি সঙ্গে বজ্রবিদ্যুৎ সহ ঘন্টায় ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে দমকা হাওয়া বয়ে যাওয়ার সর্তকতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আগামীকাল সর্বোচ্চ তাপমাত্রা ৩৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩২ দশমিক ৬ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৪ দশমিক ৪ ডিগ্রি সেলসিয়াস।। গত ২৪ ঘন্টায় আগরতলা বিমানবন্দর এলাকায় বৃষ্টি হয়েছে ৬৬ দশমিক ২ মিলিমিটার।

***************************